মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

স্মারক নং -বশিবো.কলেজ.অনু: ২০১৭.৬৮৯৩ তারিখ : ২৪.১২.২০১৭

বিষয় : উচ্চমাধ্যমিক শ্রেণির (একাদশ) শিক্ষার্থীদের ট্রান্সফারের অনুসরনীয় নীতিমালা

আগামী ০১-০১-২০১৮ থেকে ৩০-০৪-২০১৮ পর্যন্ত শুরু হচ্ছে উচ্চমাধ্যমিক প্রথম বর্ষের ট্রান্সফারের কার্যক্রম। এ ট্রান্সফারের জন্য শিক্ষামন্ত্রণালয় থেকে নির্ধারিত নীতমালা থাকার পরও কোন কোন অধ্যক্ষ মহোদয় শিক্ষার্থীদের আবেদনে নীতিমালার বাইরে ট্রান্সফারের জন্য সুপারিশ করছেন । এমনকি যে কলেজে যেতে চায়, সে কলেজের অধ্যক্ষ মহোদয়ও স্বাক্ষর করছেন-যা অনভিপ্রেত। এ প্রেক্ষিতে ট্রান্সফারের নীতিমালার সুনির্দিষ্ট কিছু ধারা সকলের অবগতির জন্য উপস্থাপিত হলো । যা সকলকে মেনে চলার জন্য নির্দেশক্রমে বলা হলো -

০১. মোট শিক্ষার্থীর ১০% শিক্ষার্থী ট্রান্সফারের নীতিমালার আওতায় আবেদন করতে পারবে। তবে অবশ্যই এই ১০% আসন শূন্য থাকতে হবে। (ধারা -০৩)

০২. অনেক সময় দেখা যায় যে, অধ্যক্ষ মহোদয়েরা লিখে থাকেন, " আসন শূন্য নেই, কর্তৃপক্ষ অনুমতি দিলে আপত্তি নেই।" এ ধরনের লেখা বিভ্রান্তির সৃষ্টি করে। এ ধরনের কোন মন্তব্য না করার জন্য নির্দেশক্রমে বলা হলো ।

০৩. একই শহরের মধ্যে অবস্থিত কলেজে ট্রান্সফারের আবেদনের কোন সুযোগ নেই। (ধারা - ১৪)। এ প্রেক্ষিতে একই শহরের মধ্যে অবস্থিত কলেজে ট্রান্সফারের আবেদনে কোন স্বাক্ষর না করার জন্য সকল কলেজের অধ্যক্ষ মহোদয়কে বলা হলো ।

০৪. ছাড়পত্রে উল্লিখিত উপযুক্ত তথ্য সংযুক্ত ব্যতীত কোন অধ্যক্ষ যেন ছাড়পত্রে স্বাক্ষর না করেন। (০৫) ।

২৪.১২.২০১৭

ড. মো: লিয়াকত হোসেন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল ।